

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৩৯৭

৫/ মাসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা (کتاب المساجد ومواضع الصلاة)
পরিচ্ছেদঃ ৫/৫৫. ছটে যাওয়া সালাত আদায় করা এবং তা অবিলম্বে আদায় করা মুস্তাহাব।

قضاء الصلاة الفائتة واستحباب تعجيل قضائها

## আরবী

حَدِيْثُ أَنَسِ بْنِ مَالِكِ عَنِ النَّبِيِّ عَيَّالِيُّ قَالَ مَنْ نَسِيَ صَلَاةً فَلْيُصِلِّ إِذَا ذَكَرَهَا لاَ كَفَّارَةَ لَهَا إِلاَّ ذَلِكَ وَأَقِمْ الصَّلاَةَ لِذِكْرِي قَالَ مُوسَى قَالَ هَمَّامٌ سَمِعْتُهُ يَقُولُ بَعْدُ (وَأَقِمْ الصَّلاَةَ لِلدَّكْرَى)
للذّكْرَى)

## বাংলা

৩৯৭. আনাস ইবনু মালিক (রাযি.) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যদি কেউ কোনো সালাতের কথা ভুলে যায়, তাহলে যখনই স্মরণ হবে, তখন তাকে তা আদায় করতে হবে। এ ব্যতীত সে সালাতের অন্য কোনো কাফ্ফারা নেই। (কেননা, আল্লাহ্ তা'আলা ইরশাদ করেছেন) "আমাকে স্মরণের উদ্দেশে সালাত কায়েম কর"- (ত্বা-হাঃ ১৪)।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৯ : সালাতের সময়সমূহ, অধ্যায় ৩৭, হাঃ ৫৯৭; মুসলিম, পর্ব ৫ : মসজিদ ও সালাতের স্থানসমূহের বর্ণনা, অধ্যায় ৫৫, হাঃ ৬৮৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন